

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.৪৭০

তারিখ: ২৫ নভেম্বর ২০২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইরেসপো প্রকল্পের অদ্য ২৫/১১/২০২৪ তারিখে সফটওয়ার পর্যালোচনায় দেখা যায় যে, আপনি জনাব মোসা: সালমা বেগম, মাঠ সংগঠক, ঝালকাঠি সদর উপজেলা, ঝালকাঠি জেলায় গত ২৬/০৬/২০১৩ তারিখে যোগদান করেছেন। উক্ত উপজেলায় আপনার ব্লকে মাঠে বকেয়া ঋণের পরিমাণ ১১৮৮৪৯৭০/- (এক কোটি আঠার লক্ষ চুরাশি হাজার নয়শত সত্তর) টাকা। বর্তমানে আপনার কিস্তি খেলাপি পরিমাণ ১০৭৯০২৭/- (দশ লক্ষ উনআশি হাজার সাতাশ) টাকা এবং মেয়াদোত্তীর্ণ খেলাপি ঋণের পরিমাণ ৬৯৬৪২৬১/- (উনসত্তর লক্ষ চৌষট্টি হাজার দুইশত একষট্টি) টাকা। এছাড়া প্রকল্পভুক্ত সদর উপজেলা, ঝালকাঠি তে আপনার ঋণ কার্যক্রম, সমিতি গঠন, সদস্য ভর্তি ও প্রশিক্ষণ কার্যক্রম লক্ষ্যমাত্রার বিপরীতে অগ্রগতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। আপনার এহেন কার্যক্রমের কারণে উক্ত উপজেলায় প্রকল্পের সার্বিক কার্যক্রম ব্যাহত হচ্ছে।

০২। এমতাবস্থায় আপনার দায়িত্ব ও কর্তব্য পালনে অবহেলা, গাফেলতি, অযোগ্যতা এবং অদক্ষতার অভিযোগে অভিযুক্ত করে কেন আপনার বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০১/১২/২০২৪ তারিখের মধ্যে কর্মসূচি পরিচালক বরাবর প্রেরণ করার জন্য বলা হলো।


২৫/১১/২৪
এ.এস.এম সোলায়মান
উপ কর্মসূচি পরিচালক


জনাব মোসা: সালমা বেগম
মাঠ সংগঠক,
বিআরডিবি, সদর উপজেলা, ঝালকাঠি।

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১.৪৭০

তারিখ: ২৫ নভেম্বর ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. প্রকল্প পরিচালক, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা।
০২. উপপরিচালক, বিআরডিবি, ঝালকাঠি।
০৩. মনিটরিং কর্মকর্তা, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (নিয়মিত মনিটরিং এর অনুরোধসহ)।
০৪. প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, ইরেসপো-২য় পর্যায়, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ঝালকাঠি সদর, ঝালকাঠি।
০৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
০৭. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঝালকাঠি সদর, ঝালকাঠি।
০৮. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
০৯. অফিস/ব্যক্তিগত নথি।


২৫/১১/২৪
মোঃ ইয়াবুল ইসলাম
সহকারী পরিচালক